গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

## অক্টোবর ২০২৫ মাসের প্রকল্প পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর

তারিখ : ১৪.১০.২০২৫ খ্রি.

সময় : সকাল ১০:০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্র: নং | নাম ও পদবী | দপ্তর/ প্রকল্পের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব এম এ আখের, পরিচালক (প্রশাসন,পরিকল্পনা) ও প্রকল্প পরিচালক | টেকাব (২য় পর্ব) ও ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ (২য় পর্ব) প্রকল্প | স্বাক্ষরিত |
| ০২. | জনাব মোঃ মানিকহার রহমান, পরিচালক (অর্থ) ও প্রকল্প পরিচালক | দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প | ,, |
| ০৩. | জনাব একেএম মফিজুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ) | ইমপ্যাক্ট ৩য় পর্যায় প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তর | ,, |
| ০৪. | জনাব মোঃ সেলিম খান অধ্যক্ষ ও প্রকল্প পরিচালক | কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ,, |
| ০৫. | জনাব মোঃ সেলিমুল ইসলাম, উপপরিচালক(প্রশাসন) ও প্রকল্প পরিচালক | ফিজিবিলিটি স্টাডি প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তর | ,, |
| ০৬. | জনাব মোঃ শাহীনূর রহমান, উপপরিচালক (পরিকল্পনা-১) | যুব উন্নয়ন অধিদপ্তর | ,, |
| ০৭. | জনাব খান মোঃ নঈম, সিনিয়র গবেষণা কর্মকর্তা | EARN প্রকল্প | ,, |
| ০৮. | জনাব হেলেনা আফরোজ ডেপুটি কো-অর্ডিনেটর | যুব উন্নয়ন অধিদপ্তর | ,, |
| ০৯. | জনাব মোঃ আমিরুল ইসলাম সহকারী প্রকল্প পরিচালক | ফিজিবিলিটি স্টাডি প্রকল্প | ,, |
| ১০. | জনাব নাজমুল, সহকারী পরিচালক (পরিকল্পনা-২) | যুব উন্নয়ন অধিদপ্তর | ,, |
| ১১. | জনাব মোঃ শওকত আলী , সহকারী পরিচালক (পরিকল্পনা) | যুব উন্নয়ন অধিদপ্তর | ,, |
| ১২. | জনাব মোঃ ফজলুর রহমান প্রশাসনিক কর্মকর্তা কাম হিসাবরক্ষক | '৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর | ,, |

৩.০ উপস্থাপনা:

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে ২০২৫-২০২৬ অর্থবছরের অক্টোবর ২০২৫ মাসের প্রকল্প পর্যালোচনা সভার কার্যক্রম শুরু করেন। সভার কার্যপত্র উপস্থাপনের আহ্বান জানালে উপপরিচালক (পরিকল্পনা-১) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরিত গত ০৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত প্রকল্প পর্যালোচনা সভার অনুমোদিত কার্যবিবরণী সকলের সম্মতিতে দৃঢ়ীকরণ করা হয়।

৩.১ উপপরিচালক (পরিকল্পনা-১) সভায় উপস্থাপন করেন যে, ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে যুব উন্নয়ন অধিদপ্তরের মোট ০৯টি উন্নয়ন প্রকল্পের বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে। বর্ণিত প্রকল্পসমূহের অনুকূলে মোট এডিপি বরাদ্দ ১২৭৩৬২.০০ লক্ষ টাকা। আলোচ্য অর্থবছরের সেপ্টেম্বর ২০২৫ মাস পর্যন্ত প্রকল্পগুলোর অনুকূলে বরাদ্দের বিপরীতে ব্যবহৃত অর্থের পরিমাণ ৩৬০২.৫০ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ২.৮৩%।

৩.২ উপপরিচালক (পরিকল্পনা-১) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভায় প্রকল্প ভিত্তিক অগ্রগতির বিস্তারিত আলোচনা শুরু করেন। তিনি যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন চলমান এডিপিতে অন্তর্ভুক্ত ০৯টি প্রকল্পের সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত সময়ে নিম্নরূপ অগ্রগতি উপস্থাপন করেনঃ

ক) ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি বরাদ্দ ও ব্যয়:

(লক্ষ টাকায়)

| নং | মোট প্রকল্প | এডিপি বরাদ্দ | ব্যয় (শতকরা হার) |
|---|---|---|---|
| ০১. | ০৯টি | ১২৭৩৬২.০০ | ৩৬০২.৫০<br>২.৮৩ % |

চলমান প্রকল্প

| নং | প্রকল্পের নাম | আর্থিক অগ্রগতি (লক্ষ টাকায়) | |
|---|---|---|---|
| | | বরাদ্দ | ব্যয় (%) |
| ০১ | দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত) | ৩৪০০.০০ | - |
| ০২ | টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজড রুরাল পিপল অব বাংলাদেশ (২য় পর্যায়) | ১৪০০.০০ | ২১৩.৭৬<br>১৫.২৭% |
| ০৩ | LYTC & SNYP Life Skills Project | ১৪১.০০ | - |
| ০৪ | Economic Acceleration and Resilience for NEET (EARN)) | ১০৫৩৬৪.০০ | ১১৫.৫<br>০.১০৯% |
| ০৫ | Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC) | ৩৮৪৮.০০ | ১৪৩১.৬৪<br>৩৭..২০৪% |
| ০৬ | ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি' | ১৩৩.০০ | ৩.৪৮<br>২.৬২ % |
| ০৭ | কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ১৩৩৮.০০ | ২২৫.২১<br>১৬.৮৩ % |
| ০৮ | ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)" | ১১৬০.০০ | ১৭৯.৩৪<br>১৫.৪৬% |
| ০৯ | দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি | ১০৫৭৮.০০ | ১৪৩৪.০২<br>১৩.৫৬% |
| | **সর্বমোট=** | **১২৭৩৬২.০০** | **৩৬০২.৫০<br>২.৮৩%** |

অত:পর উপস্থিত প্রকল্প পরিচালকবৃন্দকে সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে স্ব-স্ব প্রকল্প ভিত্তিক আলোচনার জন্য আহবান জানানো হয়।

৪.০ আলোচনা:

৪.১ 'টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজ ও রুরাল পিপল অব বাংলাদেশ-টেকাব (২য় পর্ব)' প্রকল্প: প্রকল্পের ২য় সংশোধনের প্রস্তাব গত ১৭-০৯-২০২৫খ্রি. তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ উপকরণ ডিপিপি অনুযায়ী প্রদান করা হচ্ছে। প্রকল্পের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করার প্রচেস্টা অব্যাহত আছে। প্রকল্প বাস্তবায়নের বাস্তব অগ্রগতির তথ্য, চিত্র, ভিডিওসহ গ্রাফিক্যালি উপস্থাপন প্রদান করা হয়েছে।

৪.২ 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) (১ম সংশোধিত)': প্রকল্পের ২য় সংশোধনের জন্য পুণর্গঠিত ডিপিপি যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে ২১-০৯-২০২৫খ্রি. তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশনে সার্বক্ষণিক যোগাযোগ করা হচ্ছে।

৪.৩ 'Life Skills Education in Youth Training Center & Strengthening of National youth platform (LYTC & SNYP) Project': EPMIS সফটওয়্যারে প্রকল্পের আপডেট তথ্য প্রদান করা হয়েছে। বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে UNFPA এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পের কার্যক্রম শুরু করা হবে।

৪.৪ Economic Acceleration and Resilience for the NEET (EARN) প্রকল্প: ১০টি প্যাকেজের সার্ভিস প্রোভাইডার (এসপি) নিয়োগে প্রাপ্ত RFP-সমূহ মূল্যায়ন করে বিশ্বব্যাংকের মতামতের জন্য পাঠানো হলে বিশ্বব্যাংক কিছু Observation দিয়েছে। বিশ্বব্যাংকের Observation এর আলোকে পুনর্মূল্যায়ন করে অনুমোদনের জন্য ফের বিশ্বব্যাংকে প্রেরণ করা হবে। বিশ্বব্যাংকের অনুমোদন পাওয়া গেলে দ্রুত 'সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি'-তে অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। প্রকল্পের সার্বিক অগ্রগতি স্বাভাবিক রাখতে অর্থবছরের শুরু হতে কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা অনুযায়ী ধারাবাহিকভাবে ব্যয় করা হচ্ছে।

৪.৫ 'Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC)' Project: চলতি অর্থ বছরে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের নির্ধারিত কার্যক্রম চলমান রয়েছে। এডিপিতে ২০২৫-২৬ অর্থবছরে ৩৮৪৮.০০ (লক্ষ টাকা) বরাদ্দ রয়েছে। ইতোমধ্যে ১৪৩১.৬৪ (লক্ষ টাকা) ব্যয় করা হয়েছে যা বরাদ্দের ২৮.৬৩%। প্রাক্কলিত ব্যয়: ১৭৬৮৮.০০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি: ১৫২৭২.০৪, অগ্রগতির শতকরা হার ৮৬.৩৪%, সর্বমোট প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ২৪,০০০জন। প্রকল্পের শুরু থেকে জুলাই ২০২৫ পর্যন্ত ১৬,৬১১জনকে দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ শেষে ২,৪৫৬ জনকে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

৪.৬ ফিজিবিলিটি স্টাডি ফর নিউ প্রজেক্ট অব ডিওয়াইডি প্রকল্প: প্রকল্পের ব্যয় অব্যাহত রেখে শতভাগ অগ্রগতি অর্জন করা হবে। পরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ে সমীক্ষা সম্পন্ন পূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন যথাসময়ে দাখিল করা হবে। প্রকল্প বাস্তবায়নের বাস্তব অগ্রগতির তথ্য, চিত্র, ভিডিওসহ গ্রাফিক্যালি উপস্থাপন করা হবে।

৪.৭ 'কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা-এর প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ' শীর্ষক প্রকল্প: ভৌত অবকাঠামো সংস্কারের ক্ষেত্রে পূর্বের উন্নয়নকালীন কার্যক্রমের চিত্র এবং পরের মেরামত চিত্রের প্রমাণক সংগ্রহ করা হচ্ছে। প্রকল্প বাস্তবায়নের বাস্তব অগ্রগতির তথ্য, চিত্র, ভিডিওসহ গ্রাফিক্যালি তৈরি করা হচ্ছে। ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয়ের প্রচেস্টা চলমান রয়েছে।

৪.৮ ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)" প্রকল্প: বর্ণিত প্রকল্পের প্রশিক্ষণের গুণগতমান বজায় রাখার স্বার্থে ইতোমধ্যে দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, টাংগাইল, বগুড়া, জামালপুর, শেরপুর, ময়নসিংহ, কক্সবাজার, নীফামারী, লালমনিরহাট, নওগাঁ, রাজশাহী, রংপুর, চাঁপাইনবাবগঞ্জ, সিলেট, চট্টগ্রাম ও কুমিল্লা জেলার কম্পিউটার ল্যাবসহ অন্যান্য কারিগরি বিষয়ক প্রশিক্ষণ কেন্দ্র ডিসেম্বর, ২০২৪ হতে মে, ২০২৫ মাসে মনিটরিং করা হয়েছে। পরবর্তীতে অবশিষ্ট জেলার কম্পিউটার ল্যাবসহ অন্যান্য কারিগরি বিষয়ক প্রশিক্ষণ কেন্দ্র মনিটরিং-এর নিমিত্তে পরিদর্শন করা হবে। প্রকল্প পরিচালক মহোদয় মাঠ পর্যায়ে টেলিফোনে উপপরিচালকগণের সাথে যোগাযোগ রাখছেন। প্রকল্পের আওতায় ৫টি ট্রেডের (কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন, প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন, ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং, ইলেকট্রনিক্স এবং রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) প্রকল্প মেয়াদে প্রশিক্ষণের (উপকারভোগী) লক্ষ্যমাত্রা ৭১৫৮০ জন। ইতোমধ্যে সেপ্টেম্বর, ২০২৫ পর্যন্ত প্রশিক্ষণের (উপকারভোগী) অগ্রগতি ৪৭২৩১ জন (৬৫.৯৮%)। প্রকল্প মেয়াদে প্রশিক্ষণের (উপকারভোগী) লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% অর্জন সম্ভব হবে। প্রকল্পের অনুকূলে চলতি ২০২৫-২৬ অর্থ বছরে এডিপি-তে বরাদ্দকৃত অর্থ ৩০জুন, ২০২৬ এর মধ্যে ১০০% ব্যয় করা সম্ভব হবে। প্রকল্প বাস্তবায়নের বাস্তব অগ্রগতির পাওয়ার পয়েন্ট প্রস্তুত করা হয়েছে। এ অধিদপ্তরের পরিকল্পনা উইং-এ প্রেরণ করা হয়েছে।

৪.৯ দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্প: ১১.০৯.২০২৫খ্রি, তারিখের প্রকল্প স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প মেয়াদে অক্টোবর-ডিসেম্বর ২০২৫ এ অনুষ্ঠেয় দেশের ৪৮ জেলায় প্রশিক্ষণ ব্যাচ হতে ৩টি লাবে মোট ৭৫ (২৫ X ৩ব্যাচ) জন করে প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়েছে। (৪৮ জেলা X ২৫জন X ৩ ব্যাচে) = ৩৬০০জন। ৪৮ জেলায় ১ম হতে ৩য় ব্যাচ পর্যন্ত ৭২০০জন প্রশিক্ষণার্থী ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণ করছেন। প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে মাঠ পর্যায়ে পরিদর্শন ও তদারকী বৃদ্ধি করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি বরাদ্দের সম্পূর্ণ অর্থ ব্যয় করা হবে।

৪.১০ এছাড়া ২০২৫-২৬ অর্থ বছরে অননুমোদিত নতুন প্রকল্পসমূহের ডিপিপি/টিএপিপি প্রণয়ন ও অনুমোদন ও অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়।

৫.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৫.১ 'টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজ ও রুরাল পিপল অব বাংলাদেশ-টেকাব (২য় পর্ব)' প্রকল্প:

(ক) পরিকল্পনা কমিশনের অনুমোদন সাপেক্ষে প্রকল্পের ধারাবাহিক কার্যক্রম ডিপিপির আলোকে বস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে সার্বক্ষণিক যোগাযোগ করা হচ্ছে।

(খ) প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের গুণগতমান বজায় রেখে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করা যেতে পারে।

(গ) ২০২৫-২৬ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত সমুদয় অর্থ যথাযথভাবে শতভাগ ব্যয় করা যেতে পারে।

(ঘ) প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম তদারকী জোরদার করা যেতে পারে।

৫.২ 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্ব)' প্রকল্প:

(ক) পরিকল্পনা কমিশনের অনুমোদন সাপেক্ষে প্রকল্পের ধারাবাহিক কার্যক্রম ডিপিপির আলোকে বস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে সার্বক্ষণিক যোগাযোগ করা হচ্ছে।

(খ) এডিপি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

(গ) প্রকল্পের মাঠ পর্যায়ের তদারকী জোরদার এর ব্যবস্থ করা যেতে পারে।

৫.৩ 'Life Skills Education in Youth Training Center & Strengthening of National youth platform (LYTC & SNYP) Project':

(ক) বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে UNFPA এর সাথে যোগাযোগ অব্যাহত রাখা এবং বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষ্যে কার্যক্রম শুরু করা যেতে পারে।

(খ) প্রকল্পের কার্যক্রমের তথ্য, চিত্র ও প্রমাণক সংরক্ষণ করা যেতে পারে।

৫.৪ 'Economic Acceleration and Resilience for NEET (EARN)':

(ক) ২০২৫-২৬ অর্থবছরে এডিপি'তে বরদ্দকৃত অর্থ ব্যয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

(খ) সার্ভিস প্রোভাইডার নিয়োগ কার্যক্রম দ্রুত সময়ে শেষ করা যেতে পারে।

৫.৫ 'Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC)' Project:

(ক) প্রকল্পের অগ্রগতি শতভাগ অর্জনের লক্ষ্যে এডিপি'তে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করা যেতে পারে।

(খ) প্রকল্পের বিগত বছরের প্রকৃত ব্যয় যথাযথভাবে হিসেব করে বাকী অর্থ আরিএডিপিপি'তে প্রস্তাব করা যেতে পারে।

৫.৬ 'ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি' প্রকল্প:

(ক) ২০২৫-২৬ অর্থবছরে এডিপি'তে বরদ্দাকৃত সম্পূর্ণ অর্থ ব্যয় করা যেতে পারে।

(খ) ২০২৫-২৬ অর্থ বছরে ৫০(পঞ্চাশ) কোটি টাকার উর্দ্ধে অননুমোদিত (সবুজ পাতা) তালিকার প্রকল্পগুলোর সম্ভাব্যতা যথাসময়ে সমীক্ষা সম্পন্ন করা যেতে পারে।

৫.৭ 'কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ' প্রকল্প:

(ক) ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি'তে বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণ অর্থ ব্যয় করা যেতে পারে।

(খ) প্রকল্পের অগ্রগতির প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করা যেতে পারে।

(গ) কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম পরিচলনা করা যেতে পারে।

৫.৮ '৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)' প্রকল্প:

(ক) প্রকল্প মেয়াদে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করা যেতে পারে।

(খ) ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি'তে বরাদ্দকৃত সমুদয় অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করা যেতে পারে।

(গ) প্রকল্পের মাঠ পর্যায়ে বিতরণকৃত উপকরণ সঠিকভাবে ব্যবহারের লক্ষ্যে তদারকী জোরদার করা যেতে পারে।

৫.৯ 'দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্প:

(ক) ২০২৫-২৬ অর্থবছরে এডিপি'তে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় করা যেতে পারে।

(খ) প্রশিক্ষণ সমাপ্ত হওয়া প্রশিক্ষণার্থীদের অর্থ আয়ের প্রমাণক সংরক্ষণ করা যেতে পারে।

(গ) প্রকল্পের মাঠ পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম তদারকী জোরদার করা যেতে পারে।

৫.১০ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত সঠিক প্রতিবেদন প্রতি মাসের প্রথম ২ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা উইংএ প্রেরণ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৬.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

২৭.১০.২০২৫

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
dg@dyd.gov.bd

নং- ৩৪.০১.০০০০.০২৫.০৮.০১.১৯- ৯১৭

তারিখঃ ১৩ কার্তিক ১৪৩২
২৯ অক্টোবর ২০২৫

বিতরণ:

০১. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: যুগ্ম সচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়)।
০২. পরিচালক ........................................................................ (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩. প্রকল্প পরিচালক, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪. প্রকল্প পরিচালক, টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকার ২য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫. প্রকল্প পরিচালক, Life Skills Education in Youth Training Center and Strengthening of National Youth Platform' প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৬ প্রকল্প পরিচালক, Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৭. প্রকল্প পরিচালক, Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC) Project, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮. প্রকল্প পরিচালক, 'ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি' শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৯. প্রকল্প পরিচালক, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, '৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১১. প্রকল্প পরিচালক, দেশের ৪৮টি জেলায় 'শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ</u>

০১. প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০২. মহাপরিচালক (গ্রেড-১), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
০৩. পরিচালক (পরিকল্পনা), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

২৯/১০/২০২৫
( নাজমুল )
সহকারী পরিচালক (পরিকল্পনা-২)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।